

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৪. কিবলামুখী হয়ে পেশাব পায়খানা করা মাকরূহ

باب كَرَاهِيَةِ اسْتِقْبَالِ الْقِبْلَةِ عِنْدَ قَضَاءِ الْحَاجَةِ

### আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الْأَعْمَشِ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ، عَنْ سَلْمَانَ قَالَ: قِيلَ لَهُ: لَقَدْ عَلَّمَكُمْ نَبِيُّكُمْ كُلَّ شَيْءٍ حَتَّى الْخِرَاءَةَ! قَالَ أَجَلْ، لَقَدْ نَهَانَا صلى الله عليه وسلم أَنْ نَسْتَقْبِلَ الْقِبْلَةَ بِغَائِطٍ أَوْ بَوْلٍ وَأَنْ لَا فَسْتَنْجِيَ بِرَجِيعٍ أَقْ نَسْتَنْجِيَ بِرَجِيعٍ أَقْ عَظْم .

صحیح: م

#### বাংলা

৭। সালমান (রাঃ) সূত্রে বর্ণিত। বর্ণনাকারী 'আবদুর রহমান বলেন, সালমান (রাঃ)-কে বলা হলো, তোমাদের নবী তোমাদেরকে সবকিছুই শিক্ষা দিয়েছেন, এমন কি পায়খানা করার নিয়মও। সালমান (রাঃ) বললেন, হ্যাঁ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে কিবলামুখী হয়ে পেশাব-পায়খানা করতে, ডান হাতে শৌচ করতে, শৌচকার্যে আমাদের কারো তিনটি ঢিলার কম ব্যবহার করতে এবং গোবর অথবা হাডিড দ্বারা শৌচ করতে নিষেধ করেছেন।[1]

সহীহ : মুসলিম।

## **English**

#### Narrated Salman al-Farsi:

It was said to Salman: Your Prophet teaches you everything, even about excrement. He replied: Yes. He has forbidden us to face the qiblah at the time of easing or urinating, and cleansing with right hand, and cleansing



with less than three stones, or cleansing with dung or bone.

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পবিত্রতা অর্জন করা), তিরমিয়া (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পাথর বা ঢিলা দারা ইস্তিনজা করা, হাঃ ১৬, ইমাম তিরমিয়া বলেন, এ হাদীসটি হাসান সহীহ), নাসায়া (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ তিনটির কম পাথর দারা পবিত্রতা অর্জনে তুষ্ট হওয়া নিষেধ, হাঃ ৪১) ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পাথর দারা ইস্তিনজা করা এবং গোবর ও ঘোড়া-গাধার মল দারা ইস্তিনজা না করা, হাঃ ৩১৬), আহমাদ (৫/৪৩৭, ৪৩৯) সহীহ ইবনু খুযাইমাহ (অধ্যায়ঃ উযু, অনুঃ পাথর দিয়ে ইস্তিনজা করা, হাঃ ৭৪)। প্রত্যেকেই আ'মাশ সনদে ইবরাহীম থেকে 'আবদুর রাহমান ইবনু যায়িদ থেকে সালমান সূত্রে।

रामीत्र (थरक भिक्काः किवलारमूची रुरा (अभाव-भाराचाना कता जाशिय नरा।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ সালমান ফারসী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন